

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.২০৬.২৫-১০৪

তারিখ:

২৭ ফাল্গুন ১৪৩২


১২ মার্চ ২০২৬

বিষয়ঃ জাতীয় যুব পুরস্কার ২০২৬ এর সফল আত্মকর্মী/যুব সংগঠক কর্তৃক আবেদন দাখিল এবং মনোনয়ন প্রস্তাব প্রেরণের সংশোধিত সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ৩৪.০১.০০০০.০২৬.২৩.২১৬.২৬.৯৬ তারিখ- ০১ মার্চ ২০২৬খ্রি. মাঠ পর্যায়ে প্রেরিত পত্র নির্দেশনা মোতাবেক সফল আত্মকর্মী/যুব সংগঠক কর্তৃক জাতীয় যুব পুরস্কার ২০২৬ এর উপজেলা পর্যায়ে আবেদন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ ছিল ০১.০৪.২০২৬ বিকাল ৫.০০ টা পর্যন্ত। ইতিমধ্যে একটি জুম সভা করে আবেদন দাখিল অগ্রগতি পর্যালোচনা করা হয়েছে। পবিত্র ঈদ-উল-ফিতর পূর্ব এবং পরবর্তী বিভিন্ন সরকারী ছুটি থাকায় মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সময় বর্ধিতকরণের অনুরোধের পরিপ্রেক্ষিতে উপজেলা কার্যালয়ে আবেদন দাখিল এবং জেলা মনোনয়ন কমিটির কার্যবিবরণী সম্বলিত মনোনয়ন প্রস্তাব প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণের সংশোধিত সময়সূচি নিম্নে প্রদত্ত হলো:

বিবরণ	পূর্ব নির্ধারিত সময়সূচি	সংশোধিত সময়সূচি
সফল আত্মকর্মী/যুব সংগঠক কর্তৃক উপজেলা কার্যালয়ে জাতীয় যুব পুরস্কার ২০২৬ এর আবেদন দাখিলের সর্বশেষ তারিখ	০১.০৪.২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত	০৯.০৪.২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত
উপজেলা কার্যালয় কর্তৃক জেলা কার্যালয়ে আবেদন প্রেরণের সর্বশেষ তারিখ	০৭.০৪.২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত	১৬.০৪.২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত
উপপরিচালক কর্তৃক জেলা মনোনয়ন কমিটির সভার কার্যবিবরণী সম্বলিত মনোনয়ন প্রস্তাব যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকাতে প্রেরণের সর্বশেষ তারিখ	০১.০৬.২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত	১৪.০৬.২০২৬ বিকাল ৫.০০টা পর্যন্ত

০২। এমতাবস্থায়, সংশোধিত সময়সূচি যথাযথ অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মো: আ: হামিদ খান)
পরিচালক
(বাস্তবায়ন পরিবীক্ষন যুব সংগঠন)
ফোন- ০২-২২৩৩৮৯৯১০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক.....(সকল) যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
- ২। জেলা প্রশাসক.....(সকল) জেলা।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা..... (সকল) উপজেলা।
- ৪। উপপরিচালক.....(সকল) জেলা, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ৫। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। থানা/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর..... থানা/উপজেলা (সকল).....জেলা (সকল)।
- ৭। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
- ৮। অফিস কপি।